



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৫/ ২২৭

তারিখ : ২২/৩/১৫

বিষয় : কারণ দর্শানো নোটিশ

সূত্র : নথির ৭৩ নং অনুচ্ছেদে চেয়ারম্যান মহোদয়ের ১০/০৩/২০১৫ তারিখের আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিজ্ঞান বিভাগের পাঠদানের অনুমতির মেয়াদ গত ৩০/০৬/২০১১ তারিখ এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতি নবায়নের মেয়াদ গত ৩০/০৬/২০১২ তারিখ অতিক্রান্ত হয়েছে। পাঠদানের অনুমতি ও স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত পত্রে উল্লেখ আছে পাঠদানের অনুমতি ও স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় পাঠদানের অনুমতি ও স্বীকৃতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত পাঠদানের অনুমতি ও স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে। তা স্বত্ত্বেও আপনি কেন নির্দিষ্ট সময়ের মধ্যে নবায়ন সংক্রান্ত কোন আবেদনপত্র দাখিল করেন নাই এবং এ কারণে কেন আপনার তথা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র ইস্যুর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করার জন্য বলা হলো।

২২-০৩-১৫

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

টেলিফোন- ০৪৩১-৬৪৭৪৫

ই-মেইল: drliaquat@gmail.com

অধ্যক্ষ

পক্ষিয়া সাঈদিয়া ইসলামিয়া কলেজ

ডাকঘর : বসাক বাজার

উপজেলা: পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী